

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.৭১.০৮৬.২৩ নথির বিষয়: Procurement of 1(one) no Microbus on Rental Basis for PJWTP
নোট: ১ নোটের বিষয়: Procurement of 1(one) no Microbus on Rental Basis for PJWTP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২/৮/২৩ ১১:৪৫ পূর্বাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পদ্মা পানি শোধনাগার এর IPS, WTP, BPS ইউনিট এবং অত্র প্লান্টের আওতায় ৩৪ কি. মি. দীর্ঘ পানির সঞ্চালন লাইন, ০৭ কি.মি. ও ৩৪কি.মি. দীর্ঘ ৩৩ কেভি বৈদ্যুতিক সঞ্চালণ লাইন রয়েছে। অত্র বিভাগের আওতায় বিদ্যমান ট্রান্সমিশন মেইন লাইন, ইনজেকশন পয়েন্ট, নোডাল পয়েন্ট, এয়ার রিলিজ বাল্ব, ওয়াশ আউট বাল্ব, ইত্যাদি নিয়মিত পরিদর্শন ও রক্ষণাবেক্ষণ করতে হয়। এছাড়া প্রতিমাসে Raw Water & Treated ওয়াটার এর গুণগত মান পরীক্ষা করার জন্য ঢাকা ওয়াসা ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠানের ল্যাবরেটরীতে পাঠাতে হয়। Raw Water & Treated Water এর গুণগতমান পরীক্ষা করার জন্য IPS, WTP, BPS এবং মিটফোর্ড ইনজেকশন পয়েন্ট হতে দৈনিক ও প্রতি সপ্তাহে স্যাম্পল সংগ্রহ করতে হয়। শোধনাগারে নিয়োজিত কর্মকর্তাদের ছেলেমেয়ে ঢাকা শহরের বিভিন্ন স্কুলে লেখাপড়া করার কারনে সপরিবারে ঢাকা থাকতে হয় এবং সাপ্তাহিক ছুটি ও অন্যান্য ছুটির দিনগুলোতে সপরিবারে শোধনাগারে থাকতে হয়। এছাড়া জরুরী প্রয়োজনে ঢাকা হতে কর্মকর্তাদের যাতায়াত করে দাপ্তরিক কাজ করতে হয়। শোধনাগারি পদ্মা (যশোরদিয়ার) রিমোট এরিয়াতে যার কাছাকাছি কোন হাট, বাজার ও হাসপাতাল নাই প্রায় ৮ (আট) কিলোমিটার দূরে শ্রীনগর ও মাওয়া ঘাটের অবস্থান। WTP হতে BPS এর দূরত্ব প্রায় ২৭ কিলোমিটার BPS ইউনিটের প্রিভেনটিভ ও কারেকটিভ মেইনটেন্যান্স কাজগুলো যথাসময়ে সম্পন্ন করার জন্য ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল ও অটোমেশন মেইনটেন্যান্স টিমের কর্মকর্তা ও কর্মচারীদের প্রতিনিয়ত BPS এ যাতায়াত করতে হয়। উল্লেখিত কাজগুলো করার জন্য একটি মাইক্রোবাস জ্বালানীসহ ভাড়ার মাধ্যমে ব্যবহার করা হচ্ছে। ভাড়ার গাড়ীর চুক্তির মেয়াদ ৩১ আগস্ট ২০২৩ইং মাসে শেষ হবে। শোধনাগারের পরিচালন ও রক্ষণাবেক্ষন কার্যক্রম সুষ্ঠুভাবে চালু রাখার স্বার্থে সেপ্টেম্বর ২০২৩ইং মাস হতে আগস্ট'২০২৪ ইং মাস পর্যন্ত ১২ (বারো) মাসের জন্য ভাড়া নেয়া প্রয়োজন।


অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২/৮/২৩ ১১:৪৬ পূর্বাহ্ন

শোধনাগারের পরিচালন ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে চালু রাখার লক্ষ্যে সেপ্টেম্বর ২০২৩ইং মাস হতে আগস্ট'২০২৪ ইং মাস পর্যন্ত ১২ (বারো) মাসের জন্য পূর্বের অনুমোদিত দরের আলোকে একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে (ক্রমিক নং-২ ও ৩ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয়ের পরিমান ট.১২,০০০০০/= (টাকা বারো লক্ষ মাত্র) টাকা (ক্রমিক নং-৪ দ্রষ্টব্য)। আলোচ্য কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৬১ উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM e-GP) তে দরপত্র আহবানের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ৭৮ প্যাকেজ APP/22-23/G/42 (ক্রমিক নং-১ দ্রষ্টব্য) অনুযায়ী Water & Sewer Treatment Plant (O&M) খাতের বাজেট বরাদ্দ হতে নির্বাহ করা যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২/৮/২৩ ১১:৫২ পূর্বাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে পদ্মা পানি শোধনাগারের পরিচালন ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে চালু রাখার লক্ষ্যে সেপ্টেম্বর ২০২৩ইং মাস হতে আগস্ট'২০২৪ ইং মাস পর্যন্ত ১২ (বারো) মাসের জন্য Procurement of 1(one) no Microbus on Rental Basis for PJWTP কাজের প্রাক্কলিত ট. ১২,০০০০০/= (টাকা বারো লক্ষ মাত্র) টাকার ব্যয় অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ৭৮ প্যাকেজ APP/22-23/G/39 অনুযায়ী Water & Sewer Treatment Plant (O&M) খাতের বাজেট বরাদ্দ হতে নির্বাহ করে পিপিআর ২০০৮ এর বিধি ৬১ অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM e-GP) তে সম্পাদনের সদয় প্রশাসনিক, কারিগরি ও আর্থিক অনুমোদনের জন্য সর্বিনয়ে উপস্থাপন করা হলো।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

			
২/৮/২৩ ১১:৫৬ পূর্বাহ্ন অমিত বিশ্বাস উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	২/৮/২৩ ২:৩০ অপরাহ্ন মাহমুদ রিয়াদ সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	২/৮/২৩ ৯:০৬ অপরাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	২/৮/২৩ ৯:০৬ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

সংযুক্তিসমূহ (৪):
 ১। ০১। ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।.pdf
 ২। ০২। পূর্বানুমোদিত নোটের কপি।.pdf
 ৩। ০৩। পূর্বানুমোদিত প্রাক্কলনের কপি।.pdf
 ৪। আলোচ্য কাজের প্রাক্কলন।.pdf


অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৩/৮/২৩ ৭:২৪ পূর্বাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2

	
৩/৮/২৩ ৭:৩৭ পূর্বাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৩/৮/২৩ ৭:৩৭ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)



অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৩/৮/২৩ ১১:২৬ পূর্বাহ্ন

অনুমোদিত

	
৩/৮/২৩ ১১:২৭ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	৩/৮/২৩ ১১:২৭ পূর্বাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৫/৮/২৩ ৯:৫৬ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৪ এর অনুমোদনের প্রেক্ষিতে e-GP তে দরপত্র আহবানের ব্যবস্থা করুন। দরপত্র কার্যক্রম শেষে নথিটি নিষ্পত্তি করুন।

		
৫/৮/২৩ ৯:৫৬ অপরাহ্ন গাজী আসরিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	১৪/৮/২৩ ১২:৫২ পূর্বাহ্ন মাহমুদ রিয়াদ সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার	১৪/৮/২৩ ১২:৫২ পূর্বাহ্ন অমিত বিশ্বাস উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা